যায়যায়দিন

তারিখ ...... 3 MAY 2009
পৃষ্ঠা ... ২৫ কলাম ... ৩ ......

# খুলনা পলিটেকনিকে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ, আহত ৭

খুলনা অফিস

ছাত্রী উত্ত্যক্তকে কেন্দ্র করে শনিবার সকাল ১১টায় খুলনা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে সাত ছাত্র আহত হয়। এ ঘটনার পর কলেজে উত্তেজনা ছড়িয়ে পড়লে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। অন্য এক ঘটনায় ছাত্রলীগ ক্যাডারদের হামলায় সিটি কলেজ শাখা ছাত্রদল নেতা গিয়াস গুরুতর আহত হয়েছে। শিক্ষার্থীরা জানায়, পলিটেকনিক ইন্সটিটিউটের সিভিল বিভাগের ফাইনাল ইয়ারের এক ছাত্রীকে তৃতীয় বর্ষে পড়ুয়া কয়েকজন ছাত্রলীগ কর্মী উত্ত্যক্ত করে। এ ঘটনায় ছাত্রীটির সহপাঠী ছাত্রলীগ কর্মীরা প্রতিবাদ করলে সংঘর্ষের সূত্রপাত হয়। এর জের ধরে তৃতীয় বর্ষের ছাত্রলীগ কর্মী মামুনের নেতৃত্বে মুরাদ, সিরাজুল, টুটুলসহ ক্ষিপ্ত ছাত্ররা শেষ বর্ষের ছাত্রলীগ কর্মীদের ওপর হামলা চালায়। এতে প্রতিপক্ষ সোহাগ গ্রুপের অনুপম, জুয়েল, রুপম, রুমান ও বাদলসহ সাতজন আহত হয়। আহতদের মধ্যে অনুপম ও জুয়েলকে খালিশপুর ক্লিনিকে ভর্তি করা হয়। ঘটনার পর ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ

সংঘর্ষ : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## সংঘর্ষ : খুলনা

*(শেষ পৃষ্ঠার পর)*

মোতায়েন করা হয়। বিষয়টি মীমাংসার জন্য কলেজ কর্তৃপক্ষ উদ্যোগ নিয়েছে বলে সূত্র জানিয়েছে। অন্য এক ঘটনায় গতকাল দুপুর ২টায় রিকশাযোগে বাসায় যাওয়ার পথে নগরীর পিটিআই মোড়ে মজিদ মেমোরিয়াল সিটি কলেজ ছাত্রদলের সহসাধারণ সম্পাদক জি এম গিয়াস সন্ত্রাসী হামলার শিকার হন।